

টেলিগ্রাম
বাংলাব্যাংক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ব্যাংক পরিচালনা ও উন্নয়ন বিভাগ

ডিবিওডি সার্কুলার নং-০২

১৮-১২-১৪০৯ বাং
তারিখ : -----
০১-০৪-২০০৩ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক।

আমানত বীমা প্রিমিয়াম পরিশোধের সংশোধিত পদ্ধতি পুসংগে।

প্রিয় মহোঁয়,

উপরোক্ত বিষয়ে ২৯ সেপ্টেম্বর ১৯৮৪ ইং তারিখের বিসিডি সার্কুলার-৩৯ এর ৩ নং অনুচ্ছেদ এবং ব্যাংক আমানত বীমা আইন ২০০০ এর ৫(৩) নং ধারা-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক আমানত বীমার প্রিমিয়াম পরিশোধের বর্তমানে প্রচলিত পদ্ধতি অনুযায়ী ব্যাংকসমূহ প্রতিটি ষাধাসিকান্তের আমানতের ভিত্তিতে তাদের হিসাব অনুযায়ী প্রিমিয়ামের পরিমাণ হিসাবায়ন করে পরবর্তী ষাধাসিকের প্রিমিয়াম প্রদান করে থাকে। দেখা যায়, ব্যাংকসমূহ কর্তৃক হিসাবায়নে কখনো প্রিমিয়ামের অংক প্রকৃত পরিমাণ অপেক্ষা বেশী আবার কখনো কম হয়ে থাকে। ফলে বেশী পরিশোধিত অর্থাৎ ফেরৎ প্রদান এবং কম পরিশোধিত অর্থাৎ আঁয়ের জন্য পরবর্তীতে পত্রালাপ করতে হয় এবং কালক্ষেপন হয়। এমতাবস্থায়, আমানত বীমা প্রিমিয়াম পরিশোধ প্রক্রিয়ায় নিম্নরূপ পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(০১) ব্যাংকসমূহ তাদের আমানত সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী সংযোজিত ছক মোতাবেক প্রতি অর্ধ-বার্ষিক শেষ হওয়ার পর পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে ব্যাংক পরিচালনা ও উন্নয়ন বিভাগ-এ প্রেরণ করবে।

(০২) ব্যাংকসমূহ তাকে প্রাপ্ত হিসাব বিবরণী অত্র বিভাগ কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী ষাধাসিকের জন্য প্রদেয় আমানত বীমা প্রিমিয়াম-এর পরিমাণ নির্ধারণপূর্বক ব্যাংকগুলোকে উক্ত প্রিমিয়াম পরিশোধের জন্য ১০ (দশ) দিনের সময়সীমা প্রদান করা হবে। এ ব্যাপারে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত অংক চূড়ান্ত বলে গণ্য হবে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে তা পরিশোধ করতে হবে। অন্যথায় বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংকের হিসাব বিকলন পূর্বক আমানত বীমা প্রিমিয়াম আঁয় করবে।

(০৩) আগামী ৩০-০৬-২০০৩ তারিখে সমাপ্ত অর্ধবার্ষিক তাকে এ ব্যবস্থা কার্যকর হবে। কোন ব্যাংক নির্ধারিত সময়ের মধ্যে ০১ নং ক্রমিকের তথ্যাবলী প্রেরনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট আইনের বিধান অনুযায়ী জরিমানা ধার্য ও আঁয় করা হবে।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস, কে, সুর চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৫০৪৩৭

সংযুক্তি : একটি ছক

.....ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

সূত্র : ডিবিওডি সার্কুলার নং .

তারিখ :

..... অর্ধবার্ষিকের আমানত
বীমা প্রিমিয়াম নির্ধারণের সহায়ক ত্যাবলী ।

৩০শে জুন/৩১শে ডিসেম্বর তারিখ :

০১. মোট আমানত	:	: ১
০২ অন্যান্য ব্যাংকের আমানত	:	: ১
০৩. বাংলাদেশ সরকারের আমানত	:	: ১
০৪. বিদেশী সরকারের আমানত	:	: ১
০৫. আর্থিক প্রতিষ্ঠানের আমানত	:	: ১
০৬. যে সকল স্থায়ী আমানতের বিপরীতে ঋণ-অগ্রিম প্রাপ্ত হয়েছে সেসব আমানতের মোট পরিমাণ	:	: ১
০৭. বিবিধ আমানত-এ প্রাপ্ত আমানত (যা আমানতকারীর ঋণ হিসেবে বিবেচিত হয় না তার বিবরণসহ)	:	: ১

নাম ও পদবীসহ
অনুমোচিত কর্মকর্তার স্বাক্ষর

বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষর